

অবশেষে পদত্যাগের পথই বেঁছে নিলেন বুয়েট উপাচার্য

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৬:৫৯, ১৮ আগস্ট ২০২৪



ড. সত্য প্রসাদ মজুমদার

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শেখ হাসিনার দেশত্যাগের পর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যে পদত্যাগের এ পর্যায়ে পদত্যাগ করেছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার। ব্যক্তিগত সমস্যার জন্য তিনি পদত্যাগ করেছেন বলে জানিয়েছেন।

UNIBOTS

রবিবার (১৮ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের আচার্য ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব বরাবর পদত্যাগপত্র জমা দেন তিনি। মাত্র দেড় মাস আগে গত ৩ জুলাই দ্বিতীয় মেয়াদে উপাচার্য পদে নিয়োগ পেয়েছিলেন তিনি।

এর আগে ২০২০ সালের ২৫ জুন অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার বুয়েটের উপাচার্য পদে নিয়োগ পান। সাবেক রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের তৎকালীন আচার্য মো. আবদুল হামিদ তাকে চার বছরের জন্য এই পদে নিয়োগ দেন।
